

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।



ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২৬১০


বিষয় : ঐতিহাসিক ৭ই মার্চ দিবস- ২০২৪ উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জিতেন চাকমা, উপ-পরিচালক(ভাঃ)
সভার তারিখ : ২৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি:
সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান : উপ-পরিচালকের কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য তুলে ধরেন এবং এ দিবসটি যথাযোগ্যভাবে পালনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণের উপর গুরুত্ব দেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে নাট্য প্রশিক্ষক গত ২২ ফেব্রুয়ারী ২০২৪ তারিখ অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত ও কার্যপত্র উপস্থাপন করেন। পরে সভাপতি মহোদয় বলেন, এ ঐতিহাসিক দিবসটি উদযাপনের জন্য প্রতিবছর আন্তঃমন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ বিভিন্ন নির্দেশনা থাকতো। কিন্তু এবছর আলাদা কোন নির্দেশনা না থাকায় জেলা প্রশাসক, খাগড়াছড়ির সাথে সমন্বয় পূর্বক নিম্নোক্ত ০৪টি কর্মসূচী পালনের জন্য সিদ্ধান্ত প্রদান করেন:

ক্রমিক	কর্মসূচী ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	০৬ মার্চ থেকে ০৭ মার্চ ২০২৪ সন্ধ্যা ৬.০০ টা থেকে রাত ১২.০০ টা পর্যন্ত অফিস ভবন ও জাদুঘর ভবন আলোকসজ্জাকরণ।	জনাব সুরজিত ত্রিপুরা, গবেষণা সহকারী।
২.	০৭ মার্চ ২০২৪ সূর্যোদয়ের সাথে সাথে ফ্ল্যাগ রুলস অনুসারে জাতীয় পতাকা উত্তোলন।	জনাব রিটন চাকমা, পাহারাদার।
৩.	০৭ মার্চ ২০২৪ সকাল ৯.০০ ঘটিকায় খাগড়াছড়ির টাউন হলে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	ইনস্টিটিউটের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।
৪.	০৭ মার্চ ২০২৪ সকাল ৯.৩০ ঘটিকায় জেলা প্রশাসন, খাগড়াছড়ি কর্তৃক আয়োজিত আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশগ্রহণ।	ইনস্টিটিউটের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অতঃপর ঐতিহাসিক ০৭ই মার্চ দিবস- ২০২৪ যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনসহ গৃহীত সকল কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের অংশগ্রহণ ও সহযোগিতার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জিতেন চাকমা)

উপ-পরিচালক(চলতি দায়িত্ব)
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
মোবাইলঃ ০১৭১৩৬৭৪২৬৭
email:knsikhagrachari@gmail.com

স্মারক নং : ৪৩.৩৪.৪৬০০.০০২.০১.০০৩.২০২২-৩০৬

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা;
- ৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি এবং
- ৪। অফিস নথি/ওয়েব সাইটে প্রকাশের জন্য।

তারিখ: ২৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি: